



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ।

ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd



নং- প্রকা/শানিব্যউবি-১(০৪)/২০২১-২০২২/৪৭৭

তারিখঃ ১০ অক্টোবর ২০২১ খ্রিঃ

২৫ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ

বিষয়ঃ বাংলাদেশ কৃষি ব্যাংকের কৃষি ঋণের সুদের হার এবং তথ্য প্রযুক্তির ব্যবহার।

কৃষি ঋণের সুদ

কৃষি ও পল্লী ঋণের খাত/উপখাতে ঋণের সুদের হার ব্যাংকসমূহ নিজেসাই নির্ধারণ করবে। তবে, কৃষি খাতের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত সুদহারের সর্বোচ্চ সীমা যথারীতি প্রযোজ্য হবে। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচির আওতায় বিতরণকৃত ঋণের সুদের হারের সর্বোচ্চ সীমা ৮%। ব্যাংক সরাসরি কৃষককে ঋণ বিতরণ করলে গ্রাহক পর্যায়ে এবং এমএফআই লিংককে ঋণ বিতরণ করলে এমএফআই পর্যায়ে সুদের হারের এই সর্বোচ্চ সীমা প্রযোজ্য হবে। তবে প্রণোদনা সুবিধার আওতায় নির্ধারিত মেয়াদে ৪% সুদ হারে কৃষি ও পল্লী ঋণ বিতরণ করতে হবে। কৃষি ঋণের ক্ষেত্রে বাৎসরিক ভিত্তিতে অথবা ঋণের মেয়াদান্তে (যে সকল ঋণের মেয়াদ ১২ মাসের অধিক নয়) সরল হারে সুদ আরোপ করতে হবে। বাংলাদেশ কৃষি ব্যাংকের হিসাব পরিপত্র নং-০২/২০২১, তারিখঃ ২৮.০৪.২০২১ মোতাবেক কৃষি ও পল্লী ঋণের সুদের হার ৮% নির্ধারণ করা হয়েছে। ব্যাংক হতে প্রাপ্ত অর্থে পরিচালিত কৃষি ও পল্লী ঋণের ক্ষেত্রে এমএফআই গ্রাহক পর্যায়ে ক্রমহ্রাসমান পদ্ধতিতে নমনীয় সুদ হার প্রয়োগ করবে। এখানে, উল্লেখ্য যে কৃষির প্রধান ০৩টি খাতে(যথা- শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) অন্যান্য খাতের চেয়ে ঋণ বিতরণে অগ্রাধিকার দিতে হবে।

০২। কৃষি ঋণ ব্যবস্থায় তথ্য প্রযুক্তির ব্যবহার

তথ্য প্রযুক্তির ব্যবহার সর্বস্তরের মানুষের জীবনযাত্রার মানোন্নয়নে ইতিবাচক ভূমিকা রাখতে পারে। যতদূর সম্ভব সকল কৃষি ও পল্লী ঋণ গ্রহীতার মোবাইল নম্বর শাখা পর্যায়ে ব্যাংকসমূহকে সংরক্ষণ করতে হবে। যে সকল কৃষি ও পল্লী ঋণ গ্রহীতার নিজস্ব মোবাইল ফোন রয়েছে, তাদের মোবাইল ফোন নম্বর ব্যাংক শাখায় সংরক্ষণ করতে হবে। কৃষকের নিজের মোবাইল ফোন না থাকলে আত্মীয়/প্রতিবেশীর মোবাইল ফোন নম্বরও সংরক্ষণ করা যাবে। তবে, মোবাইল ফোন নম্বর না থাকার অজুহাতে কোনো কৃষককে কৃষি ঋণ প্রদান হতে বঞ্চিত করা যাবে না। ব্যাংক শাখা/সংশ্লিষ্ট ব্যাংকের উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক; সদয় সদয় ফোন করে কৃষকদের ঋণ প্রাপ্তি ও আদায়ের ব্যাপারে খবরাখবর নিতে হবে। কৃষি ঋণ প্রাপ্তি ও আদায় সংক্রান্ত সমস্যা সম্পর্কে জানতে বাংলাদেশ ব্যাংক হতেও অনুরূপভাবে মাঝে মাঝে মোবাইল ফোনে কৃষকদের খোঁজ খবর নেওয়া হবে।

এছাড়া, কৃষকের সুবিধার্থে কৃষি ও পল্লী ঋণ বিতরণ ও আদায় ব্যবস্থায় মোবাইল ফোন এবং ইন্টারনেটসহ তথ্য প্রযুক্তির ব্যবহারকে নীতিগতভাবে সমর্থন প্রদান করতে হবে।

০৩। উপরোক্ত নির্দেশনা সমূহের জন্য বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, কৃষি ঋণ বিভাগ এর এসিডি সার্কুলার নং-০১, তারিখঃ ২৯ জুলাই, ২০২১ মোতাবেক জারীকৃত “২০২১-২০২২ অর্থবছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচি” এর অনুচ্ছেদ নং- ৫.০৬, ৯.০০ প্রযোজ্য।

০৪। উপরোক্ত নির্দেশনা সমূহ যথাযথ ভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(জামিল হোসেন)

সহকারী মহাব্যবস্থাপক

(বিভাগীয় দায়িত্বে)

তারিখঃ ১০ অক্টোবর ২০২১ খ্রিঃ

প্রকা/শানিব্যউবি-১(০৪)/২০২১-২০২২/৪৭৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর (স্টাফ কলেজসহ), বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে পত্রটি ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ করা হলো।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয় ও কর্পোরেট শাখাসমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। নথি।

(ওয়ালি-উল-ইসলাম)

মুখ্য কর্মকর্তা